

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৯

বাংলা

(ঐচ্ছিক)

(দ্বিতীয় ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGP-201

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) এবং ছন্দ ও অলংকার]

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

- ১। (ক) প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম কী ছিল? তাঁর লিখিত উপন্যাসের নাম কী? প্যারীচাঁদ তাঁর রচনার মাধ্যমে বাংলা সাহিত্যে যে অবদান রেখে গেছেন, সে সম্পর্কে আলোচনা করো। $১+১+১২=১৪$

অথবা

- (খ) ফোর্ট উইলিয়ম কলেজের প্রতিষ্ঠাতা কে? কলেজটি কবে প্রতিষ্ঠিত হয়? এই কলেজে বাংলা ও সংস্কৃত বিষয়ের প্রধান পণ্ডিতরূপে কাকে নিযুক্তি দেওয়া হয়েছিল? বাংলা গদ্যের ক্রমবিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের অবদান নিয়ে আলোচনা করো। $১+১+১+১১=১৪$

J9/2000

(Turn Over)

অথবা

- (গ) গিরিশ ঘোষ প্রবর্তিত ছন্দটির নাম কী? এই নাট্যকারের লেখা দুটি ঐতিহাসিক নাটকের নাম উল্লেখ করো। বাংলা নাটকে গিরিশ ঘোষের অবদান নিয়ে আলোচনা করো। $১+২+১১=১৪$

- ২। (ক) মাইকেল মধুসূদন দত্তের পরবর্তী মহাকাব্য রচনার প্রয়াস করেছেন, এমন দুজন কবির নাম লেখো। মধুসূদন রচিত মহাকাব্যটির সর্গ সংখ্যা কত? কাব্য বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো। $২+১+১১=১৪$

অথবা

- (খ) ছোটগল্পের সংজ্ঞা উল্লেখপূর্বক ছোটগল্পকার রবীন্দ্রনাথের বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করো। $৪+১০=১৪$

অথবা

- (গ) বঙ্কিমচন্দ্রের লেখা যে কোনো দুটি বাংলা প্রবন্ধ গ্রন্থের নাম উল্লেখ করো এবং প্রবন্ধ সাহিত্যে তাঁর অবদানের স্বরূপ নির্ণয় করো। $২+১২=১৪$

- ৩। (ক) ধ্বনিপ্রধান ছন্দের সংজ্ঞা নির্দেশ করে উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলো লিপিবদ্ধ করো। $৩+৯=১২$

অথবা

- (খ) ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো দুটি) : $৬×২=১২$
- (১) হাজার বছর ধরে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে
সিংহল সমুদ্র থেকে নিশীথের অন্ধকারে মালয় সাগরে।

J9/2000

(Continued)

- (২) নোটন নোটন পায়রাগুলো বোটন বেঁধেছে
ঐ পারেতে ছেলেমেয়ে নাইতে নেমেছে
কে দেখেছে কে দেখেছে দাদা দেখেছে
দাদার হাতে কলম ছিল ছুঁড়ে মেরেছে ।
- (৩) রূপ লাগি আঁখি বুয়ে গুণে মন ভোর
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর ।
- (৪) চিরসুখী জন ভ্রমে কি কখন
ব্যথিত-বেদন বুঝিতে পারে
কি যাতনা বিষে বুঝিবে সে কিসে
কভু আশী বিষে দংশেনি যারে ।

- ৪। (ক) যে কোনো দুটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ
করো : $৫ \times ২ = ১০$
অনুপ্রাস ; শ্লেষ ; রূপক ; নিশ্চয় ; সমাসোক্তি ;
সন্দেহ ।

অথবা

- (খ) অলংকার নির্ণয় করো (যে কোনো দুটি) : $৫ \times ২ = ১০$
- (১) রজনীগন্ধা বাস বিলালো
সজনী সন্ধ্যা আসবি না লো ?
- (২) পদতলে, আহা মরি, সুবর্ণ দেউটি
তুলসীর মূলে যেন জ্বলিল
- (৩) পাইয়া চরণতরি তরি ভবে আশা
- (৪) নগর পুড়িলে কি দেবালয় এড়ায় ?
